

Exchange of list of prisoners between India and Pakistan

January 01, 2022

ভারত ও পাকিস্তানের মধ্যে বন্দী তালিকা বিনিময়

জানুয়ারী 01, 2022

ভারত ও পাকিস্তান আজ একইসাথে কূটনৈতিক চ্যানেলের মাধ্যমে নিউ দিল্লি ও ইসলামাবাদে তাদের নিজ নিজ হেফাজতে থাকা অসামরিক বন্দী এবং মৎস্যজীবীদের তালিকা বিনিময় করেছে। এটি 2008 সালের চুক্তির শর্ত অনুসারে পালিত হয়েছে। এই চুক্তি অনুসারে প্রতিবছর 1 লা জানুয়ারি এবং 1 লা জুলাই এই ধরনের তালিকা বিনিময় করা হয়ে থাকে।

ভারত তার হেফাজতে থাকা 282 জন পাকিস্তানি অসামরিক ব্যক্তি এবং 73 জন পাকিস্তানি মৎস্যজীবীদের তালিকা প্রদান করেছে। একই ভাবে, পাকিস্তান তার হেফাজতে থাকা 51 জন অসামরিক ব্যক্তি এবং 577 জন মৎস্যজীবীর তালিকা প্রদান করেছে, যারা ভারতীয় অথবা ভারতীয় বলে ধরে নেওয়া হয়েছে।

সরকার পাকিস্তানের হেফাজতে থাকা অসামরিক বন্দী, নিখোঁজ ভারতীয় সামরিক ব্যক্তি এবং নৌকো সহ মৎস্যজীবীদের দ্রুত মুক্তি এবং স্বদেশে প্রত্যাবর্তন করার জন্য আহ্বান জানিয়েছে। এই পরিপ্রেক্ষিতে, পাকিস্তানকে বলা হয়েছে 02 জন ভারতীয় অসামরিক বন্দী এবং 356 জন ভারতীয় মৎস্যজীবীদের দ্রুত মুক্তি দিতে এবং স্বদেশে ফিরিয়ে দিতে। এদের ভারতীয় নাগরিক স্বনিশ্চিত করা হয়েছে এবং পাকিস্তানকে সেটা জানিয়ে দেওয়া হয়েছে। পাকিস্তানের হেফাজতে থাকা 182 জন মৎস্যজীবী এবং 17 জন অসামরিক ব্যক্তি, যারা ভারতীয় বলে ধারণা করা হয়েছে তাদের অতি দ্রুত কনসুলার অধিকার দেবার জন্য পাকিস্তানকে বলা হয়েছে।

সরকার পাকিস্তানকে এটাও অনুরোধ করেছে যে, অতিদ্রুত চিকিৎসা বিশেষজ্ঞ দলের সদস্যদের ভিসার অনুমোদন দিতে এবং তাদের পাকিস্তান সফরের সুবিধা প্রদান করতে, যাতে তারা পাকিস্তানের বিভিন্ন জেলে থাকা ভারতীয় বলে ধরে নেওয়া মানসিক ভারসাম্যহীন বন্দীদের মানসিক অবস্থাকে বিচার করতে পারেন। পাকিস্তানে একটি যৌথ বিচারক কমিটির দ্রুত সফরের আয়োজন করার প্রস্তাবও দেওয়া হয়েছে।

ভারত সবসময় একে অপরের দেশের বন্দী এবং মৎস্যজীবী সম্পর্কিত বিষয় সহ সকল মানবিক বিষয়ে অগ্রাধিকারের ভিত্তিতে সমস্যা সমাধানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। এই পরিপ্রেক্ষিতে, মৎস্যজীবীসহ 68 জন পাকিস্তানি কয়েদি, যাদের পাকিস্তানি নাগরিক স্ব এখনও নির্ধারিত হয়নি, যার কারণে তাদের স্বদেশ প্রত্যাবর্তনের কার্য বিলম্বিত হচ্ছে, তাদের নাগরিক স্ব নিশ্চিত করার ক্ষেত্রে দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য ভারত পাকিস্তানের কাছে আর্জি পেশ করেছে। কোভিড-19 অতিমারির কথা মাথায় রেখে, সকল ভারতীয় বা ভারতীয় বলে ধারণা করা অসামরিক বন্দী এবং মৎস্যজীবীদের নিরাপত্তা, সুরক্ষা এবং কল্যাণের প্রতি লক্ষ্য রাখার জন্য পাকিস্তানকে অনুরোধ করা হয়েছে।

নিউ দিল্লি

জানুয়ারি 01, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.